



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভারপ্রাপ্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র .....	৩
প্রস্তাবনা .....	৪
সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি .....	৫
সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .....	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .....	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি .....	১৪
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা .....	১৮

**মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র**  
(Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (০৩ বৎসর) প্রধান অর্জনসমূহ:**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ দেশের পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কার্যক্রম পরিচালনায় মুখ্য ভূমিকা পালন করেছে। পল্লী উন্নয়নে নিত্য নতুন কৌশল উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে টেকসই দারিদ্র্য বিমোচন ও জীবিকায়ন উন্নয়নে এ বিভাগ সর্বদা নিয়োজিত। এ লক্ষ্যে সারাদেশে সমবায় কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। “একটি বাড়ি একটি খামার” প্রকল্প এর মাধ্যমে প্রথাগত ক্ষুদ্র ঋণের পরিবর্তে ক্ষুদ্র সঞ্চয় ধারণার প্রবর্তন করা হয়েছে; এপ্রিল ২০১৭ পর্যন্ত উপকারভোগীদের সঞ্চয় এবং সরকার প্রদত্ত বোনাসের মাধ্যমে গঠিত মোট তহবিলের পরিমাণ ৩১৭৭ কোটি টাকা। এসব অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে অনলাইন ব্যাংকিং প্রবর্তন করা হয়েছে। এছাড়া, গো-খাদ্য উৎপাদন কারখানা চালু করা হয়েছে। মহিষের কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন এবং সিরাজগঞ্জের বাঘাবাড়ি ও চট্টগ্রামের পটিয়ায় গুঁড়োদুধ কারখানা স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পল্লী উন্নয়নে অব্যাহত গবেষণার ধারাবাহিকতায় দেশের বিভিন্ন এলাকায় সেচ ও পানি ব্যবস্থাপনা, বীজ ও বায়োটেকনোলজি, গবাদিপশু উন্নয়ন ও গবেষণা, পল্লী পাঠশালা, নবায়নযোগ্য শক্তি উন্নয়ন ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় সুফলভোগীরা ক্ষুধামুক্ত হলেও সুদের হার, কিস্তি পরিশোধের কঠিনশর্ত ও বাধ্যবাধকতার কারণে কাঙ্ক্ষিতমাত্রায় সাফল্য পাওয়া সম্ভব হচ্ছে না। এর বিপরীতে ক্ষুদ্র সঞ্চয় ধারণার সম্প্রসারণ একটি বড় চ্যালেঞ্জ। অতি দরিদ্র ও দরিদ্র শ্রেণির একটি বড় অংশ এখনও দারিদ্র্যমুক্তি কার্যক্রমের আওতার বাইরে রয়ে গেছে। সুফলভোগীদের উদ্বুদ্ধকরণ, উপযুক্ত প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী সঠিক জীবিকায়নে নিয়োজিত করা একটি দুরূহ কাজ। এছাড়া কেন্দ্রীয় এবং তৃণমূল পর্যায়ে সমন্বয়হীনতা ও দ্বৈততা একটি বড় সমস্যা।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা :**

দেশের দরিদ্র জনগোষ্ঠীকে লক্ষ্যভুক্ত করে দারিদ্র্যশূন্য বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে পশ্চাৎপদ এলাকায় কর্মসংস্থান সৃজন, ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টি এবং প্রশিক্ষণের মাধ্যমে পল্লী অঞ্চলে দক্ষ মানবসম্পদ সৃষ্টি করা হবে। গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন বিষয়ক সমস্যা চিহ্নিতকরণ, সমাধান ও ফলাফল সম্প্রসারণ করা হবে। এছাড়া, দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে দেশকে দুগ্ধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করে গড়ে তোলা হবে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

- ৫,৮০০টি সমবায় সমিতি এবং ১৯,০০০ টি অনানুষ্ঠানিক সমিতি গঠন করা হবে;
- ১,২০,০০০ জনকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে ;
- ৪,১১,০০০ জন মহিলাকে আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে নিয়োজিত করা হবে;
- ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে ৫০০ কোটি টাকা মূলধন গঠন এবং ২৪৫৫.৩৯ কোটি টাকা ঋণ বিতরণ করা হবে।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে ভারপ্রাপ্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision)

আর্থ-সামাজিকভাবে উন্নত গ্রামীণ বাংলাদেশ।

#### ১.২ অভিলক্ষ্য (Mission)

পল্লী উন্নয়নে সমবায়ভিত্তিক কার্যক্রম পরিচালনা এবং অব্যাহত গবেষণার মাধ্যমে পল্লী অঞ্চলে সুসমন্বিত উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন ও দেশের দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

#### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

##### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আয়বর্ধক কর্মকাণ্ড বৃদ্ধির মাধ্যমে জীবিকায়ন নিশ্চিতকরণ
২. পল্লী উন্নয়নে যুগোপযোগী কৌশল উদ্ভাবন ও বিস্তৃতকরণ
৩. দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

##### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

#### ১.৪ কার্যাবলি (Functions)

১. আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমিতি গঠন এবং প্রয়োজনীয় কর্মসূচি/প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন ;
২. পল্লী উন্নয়নভিত্তিক নীতিমালা, সমবায় আইন ও বিধি এবং তৎসংশ্লিষ্ট নীতিমালা প্রণয়ন ;
৩. ক্ষুদ্র ঋণ, ক্ষুদ্র সঞ্চয়, সমবায় ভিত্তিক ক্ষুদ্র ও কুটিরশিল্প স্থাপন, সমবায় ব্যাংকিং, সমবায়ী কৃষি খামার সৃষ্টি ও উৎপাদিত পণ্য বাজারজাতকরণ, দুগ্ধ ও অন্যান্য সমবায়ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলার মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ;
৪. পল্লী উন্নয়ন ও সমবায়ভিত্তিক মানব সম্পদ উন্নয়ন কর্মসূচি গ্রহণ ;
৫. পল্লী উন্নয়নভিত্তিক কার্যক্রমের বাস্তবায়ন এবং এ সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সঙ্গে সমন্বয়সাধন ;
৬. প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন কৌশল ও মডেল উদ্ভাবন ;
৭. সমবায়ভিত্তিক কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন; এবং
৮. পল্লী উন্নয়ন কর্মসূচিতে জনসাধারণের সম্পৃক্ততা নিশ্চিতকরণ ।

সেকশন ২

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	ভিত্তি বছর ২০১৫-২০১৬	প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭	লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০১৮-২০১৯	২০১৯-২০২০		
পল্লী দারিদ্র্যের হার হ্রাস	হ্রাসকৃত পল্লী দারিদ্র্য	%	২৬.৭	২৫.০	২৩.৩	২১.৬	১৯.৫	স্থানীয় সরকার বিভাগ, কৃষি মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
আয়বর্ধনমূলক কার্যক্রমে মহিলাদের অংশগ্রহণ বৃদ্ধি	পল্লীর মহিলাদের কর্মসংস্থান বৃদ্ধি	জন (লক্ষ)	৩.৮১	৪.১৯	৪.১১	৪.১১	৪.২৪	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

\*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৫-২০১৬	প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮					প্রক্ষেপণ ২০১৮-২০১৯	প্রক্ষেপণ ২০১৯-২০২০
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[১] পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আয়বর্ধক কর্মকাণ্ড বৃদ্ধির মাধ্যমে জীবিকায়ন নিশ্চিতকরণ	৪০	[১.১] সমবায় সমিতি এবং অনানুষ্ঠানিক সমিতির মাধ্যমে জনগণকে সংগঠিত করা	[১.১.১] নিবন্ধিত সমবায় সমিতি	সংখ্যা	৫.০০	৬৬০৬	৫৩৩০	৫৮১০	৫৫৪০	৫৩২০	৫১১০	৪৮৯৮	৬০৪০	৬২৩০
			[১.১.২] অডিটকৃত সমবায় সমিতি	সংখ্যা	৪.০০	৮৬১২৭	৮৫১২৪	৮৫৫১০	৮২৫০০	৭৮৮০০	৭৫৩০০	৭২২০৫	৮৭৭৩৮	৮৯৫৯২
			[১.১.৩] গঠিত অনানুষ্ঠানিক সমিতি	সংখ্যা	৪.০০	৩৯৯৭	১৮২৩৬	১৯৪৯০	১৮৫০০	১৭৩০০	১৫৫০০	১৩৯০০	১৭৮৪০	১২৭১০
		[১.২] ঋণ বিতরণ	[১.২.১] বিতরণকৃত ঋণের পরিমাণ	টাকা (কোটি)	৩.০০	১৯৯৮.৬১	২৩০৪.১৭	২৪৫৫.৩৯	২৩৮৫.১৫	২২৫০.০০	২১৪৫.০৫	২০৮৫.৪৭	২৫০৪.৪৮	২৫৪০.৪০
		[১.৩] ঋণ আদায়	[১.৩.১] ঋণ আদায়ের হার	%	৩.০০	৮৮.১	৮৮.৪৭	৯৫	৯৪	৯৩	৯২	৯০	৯৭	৯৭
		[১.৪] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের অতিরিক্ত কর্মসংস্থান সৃজন	[১.৪.১] আল্প-কর্মসংস্থান সৃজিত উপকার ভোগীর সংখ্যা	জন (লক্ষ)	৩.০০	১২.২৯	১০.৭১	৮.৪৯	৭.১৫	৬.৯৮	৬.০০	৫.০৫	১০	১১.১৪
			[১.৪.২] ঋণ গ্রহীতা	জন (লক্ষ)	২.০০	৮.৮	৯.২	৯.০৪	৮.৫৬	৭.৯৫	৭.১৫	৬.৫০	৯.০৪	৯.২৮

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৫-২০১৬	প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮					প্রক্ষেপণ ২০১৮-২০১৯	প্রক্ষেপণ ২০১৯-২০২০
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
		[১.৫] পল্লীর জনগোষ্ঠীর আয়বর্ধনমূলক কার্যক্রম	[১.৫.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত মহিলা	জন (লক্ষ)	২.০০	৩.৮১	৪.১৯	৪.১১	৩.৮৫	৩.৬০	৩.২৫	৩.০০	৪.১১	৪.২৪
		[১.৬] সমিতির সদস্যদের জন্য মূলধন গঠন	[১.৬.১] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধনের পরিমাণ	টাকা (কোটি)	৩.০০	৬৪৪	৩৪০	৫০০	৪৭০	৪২০	৩৮৫	৩০০	৬০০	৬০০
			[১.৬.২] সমিতিতে জমাকৃত সঞ্চয়	টাকা (কোটি)	৩.০০	৪৯.৬৬	৬০.০৪	৬৪	৬১	৫৮	৫৩	৫০	৬৭	৬৮.৭৫
			[১.৬.৩] সমিতির ক্রয়কৃত শেয়ার	টাকা (কোটি)	২.০০	৪.০২	৪.১১	৪.২০	৪.১৫	৪.১০	৪.০৫	৩.৮৫	৪.৩০	৪.৫
		[১.৭] উপকারভোগী গুপ কর্তৃক কৃষিজ উৎপাদন বৃদ্ধি	[১.৭.১] সংগৃহীত তরল দুধ	লক্ষ (লিটার)	২.০০	৬৩০.৮১	৬০৪.৯৫	৬৩২	৬১০	৫৯০	৫৭০	৫৫০	৬১০	৬১৫
			[১.৭.২] বাজারজাতকৃত তরল দুধ	লক্ষ (লিটার)	২.০০	৫৮৯.৮৪	৪৯২.৭	৫৫০	৫২০	৫১০	৪৮০	৪৫০	৫২৫	৫৩০
			[১.৭.৩] বাজারজাতকৃত গুঁড়োদুধ	লক্ষ (কেজি)	২.০০	১.১৫	১.৪৫	১.৫৯	১.৫৬	১.৫৪	১.৫২	১.৪৫	১.৬৫	১.৭০



কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৫-২০১৬	প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮					প্রক্ষেপণ ২০১৮-২০১৯	প্রক্ষেপণ ২০১৯-২০২০
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[২] পল্লী উন্নয়নে যুগোপযোগী কৌশল উদ্ভাবন ও বিস্তৃতকরণ	২৫	[২.১] পল্লী উন্নয়ন গবেষণা সম্পাদন	[২.১.১] সম্পাদিত গবেষণা	সংখ্যা	৬.০০	২০	২১	২৯	২৭	২৪	২২	২০	৩০	৩১
		[২.২] পল্লী উন্নয়নে প্রায়োগিক গবেষণা সম্পাদন	[২.২.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণা	সংখ্যা	৬.০০	১৪	৮	১৬	১৩	১০	৬	৮	১৮	১৯
		[২.৩] প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফলের প্রচার/বিস্তার এবং পল্লী উন্নয়ন বিষয়ক সেমিনার, কর্মশালা আয়োজন	[২.৩.১] প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল	সংখ্যা	৬.০০	২৬	২৫	৩৪	৩২	৩০	২৭	২২	৩৫	৩৬
			[২.৩.২] সেমিনার, কর্মশালা আয়োজন	সংখ্যা	৪.০০	৮৯	১২১	১৫০	১৩৮	১২৯	১২০	১০৬	১৫৭	১৫৬
		[২.৪] পল্লী উন্নয়নে উদ্ভাবিত মডেল সম্প্রসারণে পরামর্শক সেবা প্রদান	[২.৪.১] পরামর্শক সেবা	সংখ্যা	৩.০০	২০	২১	২৬	২৪	২২	২০	১৮	২৮	২৯
[৩] দক্ষ মানব সম্পদ তৈরির মাধ্যমে নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি	১৫	[৩.১] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের মধ্যে উদ্ভুদ্ধকরণ / আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান	[৩.১.১] আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী	জন (লক্ষ)	৬.০০	১.৭৭	১.২৪	১.২০	১.১০	.৯৫	.৯০	.৮২	১.৩৫	১.৩৩
			[৩.১.২] উদ্ভুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী	জন (লক্ষ)	৬.০০	৪.৫৭	৫.১০	৪.১৪	৩.৭৫	৩.২৫	৩.০০	২.৮২	৪.৬১	৪.১৪
		[৩.২] পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান	[৩.২.১] প্রশিক্ষণার্থী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মী	জন	৩.০০	৬২২৫	৬৪৪৬	৬৫৫০	৬০১০	৫৫০০	৪৯৫০	৪৪০০	১০৬৬০	১০৭৭০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৫-২০১৬	প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮					প্রক্ষেপণ ২০১৮-২০১৯	প্রক্ষেপণ ২০১৯-২০২০
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	৯	[১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	[১.১.১] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত	%	১.০০			৪০	৩৫	৩০	২৫	২০		
		[১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা	[১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত	%	০.৫০			১০০	৯৫	৯০	৮৫	৮০		
		[১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা	[১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১.০০			৩০-১১-২০১৭	০৭-১২-২০১৭	১৪-১২-২০১৭	২১-১২-২০১৭	২৮-১২-২০১৭		
		[১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন	[১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত	তারিখ	১.০০			৩১-০৮-২০১৭	১৪-০৯-২০১৭	২৮-০৯-২০১৭	১২-১০-২০১৭	৩১-১০-২০১৭		
			[১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেল্লিকেকটেড	%	১.০০			৪০	৩০	২৫	২০	১০		
		[১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	[১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১.০০			১৪-০৯-২০১৭	২৮-০৯-২০১৭	১২-১০-২০১৭	৩১-১০-২০১৭	১৪-১২-২০১৭		
		[১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা	[১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি	%	১.০০			১০০	৯০	৮০	৭০	৬০		
			[১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত	তারিখ	০.৫০			১১-০১-২০১৮	১৮-০১-২০১৮	২২-০১-২০১৮	২৫-০১-২০১৮	৩১-০১-২০১৮		
		[১.৭] সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান	[১.৭.১] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত	তারিখ	১.০০			৩১-১২-২০১৭	১৫-০১-২০১৮	২২-০১-২০১৮	০৮-০২-২০১৮	২২-০২-২০১৮		
		[১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	[১.৮.১] নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত	সংখ্যা	০.৫০			১২	১১					
[১.৮.২] নিষ্পত্তিকৃত অভিযোগ	%		০.৫০			৯০	৮০	৭৫	৭০	৬০				
[২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা	৪	[২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	[২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত	তারিখ	০.৫০			২৩-০৪-২০১৭	২৪-০৪-২০১৭	২৫-০৪-২০১৭	২৬-০৪-২০১৭	২৭-০৪-২০১৭		
		[২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	[২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১.০০			০৮-০৮-২০১৭	১০-০৮-২০১৭	১৩-০৮-২০১৭	১৬-০৮-২০১৭	১৭-০৮-২০১৭		
		[২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	[২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত	সংখ্যা	০.৫০			৪	৩					
		[২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	[২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১.০০			৩০-০১-২০১৮	৩১-০১-২০১৮	০১-০২-২০১৮	০৫-০২-২০১৮	০৬-০২-২০১৮		
		[২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	[২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১.০০			১৫-০৬-২০১৭	১৮-০৬-২০১৭	১৯-০৬-২০১৭	২০-০৬-২০১৭	২১-০৬-২০১৭		

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৫-২০১৬	প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮					প্রক্ষেপণ ২০১৮-২০১৯	প্রক্ষেপণ ২০১৯-২০২০
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
<b>আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ</b>														
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৩	[৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১.০০			৫০	৪৫	৪০	৩৫	৩০		
		[৩.২] স্বাবর/অস্বাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা	[৩.২.১] স্বাবর সম্পত্তির হালনাগাদ তালিকা	তারিখ	০.৫০			০১-০২-২০১৮	১৫-০২-২০১৮	২৮-০২-২০১৮	২৮-০৩-২০১৮	১৫-০৪-২০১৮		
			[৩.২.২] অস্বাবর সম্পত্তির হালনাগাদ তালিকা	তারিখ	০.৫০			০১-০২-২০১৮	১৫-০২-২০১৮	২৮-০২-২০১৮	২৮-০৩-২০১৮	১৫-০৪-২০১৮		
		[৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা	[৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত	তারিখ	১.০০			১৫-১০-২০১৭	২৯-১০-২০১৭	১৫-১১-২০১৭	৩০-১১-২০১৭	১৪-১২-২০১৭		
[৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	২	[৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	[৪.১.১] প্রশিক্ষণের সময়	জনঘণ্টা	১.০০			৬০	৫৫	৫০	৪৫	৪০		
		[৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুল্কচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা	[৪.২.১] শুল্কচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	০.৫০			১৩-০৭-২০১৭	৩১-০৭-২০১৭					
			[৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা	[৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	০.৫০			৪	৩				
[৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা	২	[৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	[৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	০.৫০			১০০	৯০	৮০				
		[৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ	[৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত	%	০.৫০			১০০	৯০	৮৫	৮০	৭৫		
		[৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	[৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১.০০			১৫-১০-২০১৭	২৯-১০-২০১৭	১৫-১১-২০১৭	৩০-১১-২০১৭	১৪-১২-২০১৭		

\*সাময়িক (provisional) তথ্য

আমি, ভারপ্রাপ্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে ভারপ্রাপ্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ভারপ্রাপ্ত সচিব  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

তারিখ

মন্ত্রিপরিষদ সচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

## শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	আইজিএ	ইনকাম জেনারেটিং এ্যাক্টিভিটিজ (আয়বর্ধনমূলক কার্যক্রম)
২	এসএফডিএফ	স্মল ফার্মার্স ডেভলপমেন্ট ফাউন্ডেশন
৩	পিডিবিএফ	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন
৪	আরডিএ, বগুড়া	রুরাল ডেভলপমেন্ট একাডেমি, বগুড়া
৫	বাপার্ড, গোপালগঞ্জ	বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এন্ড রুরাল ডেভলপমেন্ট, গোপালগঞ্জ
৬	বার্ড, কুমিল্লা	বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভলপমেন্ট, কুমিল্লা
৭	বিআরডিবি	বাংলাদেশ রুরাল ডেভলপমেন্ট বোর্ড
৮	পউসবি	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ**

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি	উপাত্ত সূত্র
[১.১] সমবায় সমিতি এবং অনানুষ্ঠানিক সমিতির মাধ্যমে জনগণকে সংগঠিত করা	[১.১.১] নিবন্ধিত সমবায় সমিতি	সমবায় সমিতি আইন, ২০০১ এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর আওতায় নিবন্ধিত সমিতিসমূহ। সমিতি নিবন্ধনের ক্ষেত্রে বিদ্যমান আইনের যথাযথ প্রয়োগ ও মনিটরিং জোরদার হওয়ায় সমিতি নিবন্ধনের হার কম পরিলক্ষিত হচ্ছে।	সমবায় অধিদপ্তর	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	সমবায় অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন
	[১.১.২] অডিটকৃত সমবায় সমিতি	সমবায় সমিতি আইন, ২০০১ এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর আওতায় নিবন্ধিত ও নিরীক্ষাযোগ্য সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। সমবায় অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের অফিস কর্তৃক অডিট সম্পন্ন করা হয়। এছাড়া বিআরডিবি কর্তৃক গঠিত সমিতিসমূহ বিআরডিবি এর মাঠ পর্যায়ের অফিস কর্তৃক অডিট সম্পন্ন করা হয়।	সমবায় অধিদপ্তর ও বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি)	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	সমবায় অধিদপ্তর ও বিআরডিবি এর বার্ষিক প্রতিবেদন
	[১.১.৩] গঠিত অনানুষ্ঠানিক সমিতি	সমবায় সমিতি আইনের আওতায় নিবন্ধিত নয় এমন অনানুষ্ঠানিক সমিতি যার উপকারভোগীর সংখ্যা ২০-৬০ জন। পরিবারের মাসিক গড় আয় ১০০০০/- টাকার বেশি নয়, নিজের ও পরিবারের মোট আবাদযোগ্য জমির পরিমাণ ০.৫ একরের বেশি নয় কিংবা আবাদযোগ্য জমি হতে প্রাপ্ত আয়ের পরিমাণ গড় মাসিক আয়ের চেয়ে বেশি নয় এমন পরিবারের নারী অথবা পুরুষকে অনানুষ্ঠানিক দলে সদস্যভুক্ত করা হয়।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভেশন এ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভেশন এ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিল্কভিটা এর বার্ষিক প্রতিবেদন
[১.২] ঋণ বিতরণ	[১.২.১] বিতরণকৃত ঋণের পরিমাণ	ক্ষুদ্রঋণ নীতিমালার আলোকে প্রদত্ত প্রথাগত ও আইজিএ (আয়বর্ধনমূলক)ভিত্তিক প্রশিক্ষণ পরবর্তী ঋণ সহায়তা।	সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন ও স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন।	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এর বার্ষিক প্রতিবেদন
[১.৩] ঋণ আদায়	[১.৩.১] ঋণ আদায়ের হার	আদায়যোগ্য ঋণের বিপরীতে আদায়ের হার। যথাযথ সুফলভোগী নির্বাচন, নিবিড় যোগাযোগ, চাহিদাভিত্তিক ঋণ সহায়তা এবং কার্যকর পরিবীক্ষণ এবং তত্ত্বাবধানের মাধ্যমে বিতরণকৃত ঋণ আদায় করা হয়, যা পুনঃবিতরণ করা হয়।	সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিল্কভিটা।	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিল্কভিটা এর বার্ষিক প্রতিবেদন।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি	উপাত্ত সূত্র
[১.৪] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের অতিরিক্ত কর্মসংস্থান সৃজন	[১.৪.১] আল্ল-কর্মসংস্থান সৃজিত উপকার ভোগীর সংখ্যা	চাহিদাভিত্তিক আয়বর্ধনমূলক কর্মকান্ড এবং প্রশিক্ষণোত্তর জামানতবিহীন ঋণ সহায়তার মাধ্যমে আত্মকর্মসংস্থানকৃত উপকারভোগী।	সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি (বগুড়া), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিল্কভিটা।	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি (বগুড়া), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিল্কভিটা এর বার্ষিক প্রতিবেদন।
	[১.৪.২] ঋণ গ্রহীতা	দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন বিভিন্ন সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক সমিতির উপকারভোগী। এক্ষেত্রে ঋণ গ্রহীতার বিদ্যমান সম্পদ, বিনিয়োগ সক্ষমতা, দক্ষতা ইত্যাদির ভিত্তিতে চাহিদা নিরূপন করা হয়।	সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি (বগুড়া), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিল্কভিটা।	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি (বগুড়া), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিল্কভিটা এর বার্ষিক প্রতিবেদন।
[১.৫] পল্লীর জনগোষ্ঠীর আয়বর্ধনমূলক কার্যক্রম	[১.৫.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত মহিলা	সমিতি/দল/কেন্দ্র এর মহিলা সদস্যদের আর্থিক কর্মকান্ডে নিয়োজিত করার জন্য উপযুক্ত প্রশিক্ষণ, প্রযুক্তি হস্তান্তর ও ঋণ সহায়তার মাধ্যমে উদ্যোক্তা হিসেবে তৈরি করা হয়।	সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিল্কভিটা।	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিল্কভিটা এর বার্ষিক প্রতিবেদন।
[১.৬] সমিতির সদস্যদের জন্য মূলধন গঠন	[১.৬.১] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধনের পরিমান	একটি বাড়ি একটি খামার প্রকল্প এর মাধ্যমে প্রথাগত ক্ষুদ্র ঋণের পরিবর্তে প্রবর্তিত ক্ষুদ্র সঞ্চয় ধারণা; এখানে উপকারভোগীদের সঞ্চয় এবং সরকার কর্তৃক প্রদত্ত বোনাসের মাধ্যমে মূলধন গঠন করা হয়। সাপ্তাহিক সভা (উঠান বৈঠক) এর মাধ্যমে সমিতির উপকারভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে গঠিত মূলধন।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর বার্ষিক প্রতিবেদন।
	[১.৬.২] সমিতিতে জমাকৃত সঞ্চয়	সমিতির উপকারভোগীদের নিজস্ব মূলধন গঠনে মাসিক/সাপ্তাহিক ভিত্তিতে জমাকৃত সঞ্চয়।	বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন।	মাঠ পর্যায়ের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পরিমাপ করা হয়েছে।	বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এর বার্ষিক প্রতিবেদন।
	[১.৬.৩] সমিতির ক্রয়কৃত শেয়ার	বিআরডিবি কর্তৃক গঠিত সমবায় সমিতিসমূহের সদস্যদের মধ্যে সমিতির শেয়ার বিক্রির মাধ্যমে সৃষ্ট মূলধন।	বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড।	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড এর বার্ষিক প্রতিবেদন।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি	উপাত্ত সূত্র
[১.৭] উপকারভোগী গুপ কর্তৃক কৃষিজ উৎপাদন বৃদ্ধি	[১.৭.১] সংগৃহীত তরল দুধ	সারাদেশের দুগ্ধ সমবায় সমিতির সদস্যদের উৎপাদিত দুধ প্রাথমিক সমিতির মাধ্যমে মোট ৩৮টি চিলিং প্ল্যান্টে জমা করা হয়। পরবর্তীতে নিজস্ব মিল্ক ট্যাঙ্কারের মাধ্যমে বাঘাবাড়ীঘাট, টেকেরহাট ও মিরপুরের ঢাকা ডেইরীতে স্থানান্তর করে বিভিন্ন দুগ্ধজাত পণ্য উৎপাদন করা হয়।	মিল্কভিটা	প্রাথমিক সমিতি হতে সকল চিলিং প্ল্যান্টে জমাকৃত মোট দুধের পরিমাণ।	সমবায় অধিদপ্তর ও মিল্কভিটা এর বার্ষিক প্রতিবেদন।
	[১.৭.২] বাজারজাতকৃত তরল দুধ	মিল্কভিটার মোট ১৭৭টি পরিবেশক সমিতির মাধ্যমে উৎপাদিত বিভিন্ন দুগ্ধজাত পণ্য গ্রাহক পর্যায়ে পৌঁছে দেয়া হয়।	মিল্কভিটা	প্রধান কার্যালয়ের হিসাব মোতাবেক।	সমবায় অধিদপ্তর ও মিল্কভিটা এর বার্ষিক প্রতিবেদন।
	[১.৭.৩] বাজারজাতকৃত গুঁড়োদুধ	মিল্কভিটার নিজস্ব কারখানায় উৎপাদন করে বাজারজাতকৃত গুঁড়োদুধ।	মিল্কভিটা	প্রধান কার্যালয়ের হিসাব মোতাবেক।	সমবায় অধিদপ্তর ও মিল্কভিটা এর বার্ষিক প্রতিবেদন।
[২.১] পল্লী উন্নয়ন গবেষণা সম্পাদন	[২.১.১] সম্পাদিত গবেষণা	বিভিন্ন আর্থ-সামাজিক বিষয়ে গবেষণা পরিচালনা করা	বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট ও রুরাল ডেভেলপমেন্ট একাডেমি	সম্পাদিত মোট গবেষণার সংখ্যা।	বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট ও রুরাল ডেভেলপমেন্ট একাডেমির বার্ষিক প্রতিবেদন
[২.২] পল্লী উন্নয়নে প্রায়োগিক গবেষণা সম্পাদন	[২.২.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণা	টেকসই পল্লী উন্নয়নে বিভিন্ন মডেল/কৌশল উদ্ভাবনে প্রায়োগিক গবেষণা পরিচালনা করা।	বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি।	সম্পাদিত মোট প্রায়োগিক গবেষণার	বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি এর বার্ষিক প্রতিবেদন।
[২.৩] প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফলের প্রচার/বিস্তার এবং পল্লী উন্নয়ন বিষয়ক সেমিনার, কর্মশালা আয়োজন	[২.৩.১] প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল	সম্পাদিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল প্রকাশ ও অবহিতকরণ	বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট ও রুরাল ডেভেলপমেন্ট একাডেমি	প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণা ফলাফলের সংখ্যা।	রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট এর বার্ষিক প্রতিবেদন।
	[২.৩.২] সেমিনার, কর্মশালা আয়োজন	পল্লী উন্নয়নে বিভিন্ন জ্ঞান, অভিজ্ঞতা, নীতি, কৌশল ও প্রযুক্তি অবহিতকরণ।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভেশন এ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিল্কভিটা।	বৎসরে আয়োজিত সেমিনার, কর্মশালা সংখ্যা।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভেশন এ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এর বার্ষিক প্রতিবেদন।



কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি	উপাত্ত সূত্র
[২.৪] পল্লী উন্নয়নে উদ্ভাবিত মডেল সম্প্রসারণে পরামর্শক সেবা প্রদান	[২.৪.১] পরামর্শক সেবা	পল্লী উন্নয়নে উদ্ভাবিত বিভিন্ন মডেল যেমন- সেচ ও পানি ব্যবস্থাপনা, কমিউনিটি বায়োগ্যাস স্থাপন, বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি সম্প্রসারণে বিভিন্ন প্রতিষ্ঠানকে পরামর্শক সেবা প্রদান করা হয়।	রুরাল ডেভেলপমেন্ট একাডেমি (আরডিএ)	অন্যান্য প্রতিষ্ঠানকে প্রদত্ত পরামর্শক সেবার সংখ্যা।	রুরাল ডেভেলপমেন্ট একাডেমি (আরডিএ) এর বার্ষিক প্রতিবেদন।
[৩.১] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক সমিতির সদস্যদের মধ্যে উদ্ভুদ্ধকরণ / আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান	[৩.১.১] আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী	কৃষি ও অকৃষি ক্ষেত্রে স্বল্প ও দীর্ঘমেয়াদী বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ। আয়বর্ধনমূলক প্রশিক্ষণের মধ্যে অন্যতম হলো: জৈবসার তৈরী,সবজিবাগান,গবাদিপশু পালন,হাঁসমুরগী পালন,রুক/বাটিক,সেলাই, মোবাইল সার্ভিসিং, হস্ত ও কারুশিল্প ইত্যাদি।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিস্কভিটা।	মাঠ পর্যায়ের অফিস হতে প্রাপ্ত তথ্য	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এর বার্ষিক প্রতিবেদন।
	[৩.১.২] উদ্ভুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী	উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন সচেতনতামূলক উদ্ভুদ্ধকরণ প্রশিক্ষণ।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিস্কভিটা।	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এর বার্ষিক প্রতিবেদন।
[৩.২] পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান	[৩.২.১] প্রশিক্ষণার্থী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মী	পল্লী উন্নয়নে উদ্ভাবিত বিভিন্ন মডেল বিস্তৃতকরণে মাঠ পর্যায়ে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের ব্যবস্থাপনা উন্নয়ন প্রশিক্ষণ এবং স্থানীয় জনপ্রতিনিধিদের নেতৃত্ব বিকাশে প্রদত্ত প্রশিক্ষণ।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সমবায় অধিদপ্তর, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ও মিস্কভিটা।	মাঠ পর্যায়ের সকল অফিস হতে প্রাপ্ত তথ্যের সমষ্টি।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড, বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট একাডেমি, বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এর বার্ষিক প্রতিবেদন।

সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা	প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
------------------	------------------	----------------------------	---	----------------------	---------------------------------------